হে আল্লাহ! আমার গঠন কে যেমন সুন্দর করেছেন অনুরূপ আমার চরিত্রকেও সুন্দর করুন।

আব্দুল্লাহ ইবনে মাসউদ রাদিয়াল্লাহু আনহু হতে মারফু হিসেবে বর্ণিত, “হে আল্লাহ!
আপনি আমার গঠনকে যেমন সুন্দর করেছেন, অনুরূপ আমার চরিত্রকেও সুন্দর করুন।”
[সহীহ] [এটি আহমাদ বর্ণনা করেছেন।]

মানুষের জন্য আবশ্যক হচ্ছে, সে আল্লাহর নিকট এই প্রার্থনা করবে, তিনি যেরূপ তার বাহ্যিক গঠন সুন্দর করেছেন ও তাকে পূর্ণতা দান করেছেন, সেরূপ যেন তার অভ্যন্তরীণ অবস্থাও সুন্দর করে দেন। তাকে যেন এমন সুন্দর চরিত্র দান করেন, যা দ্বারা তার মনুষ্যত্ব পূর্ণতা লাভ করবে ও তার অভ্যন্তরীণ অবস্থা পবিত্র হবে।

https://sunnah.global/hadeeth/bn/show/5491